



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এইচএসসি/২০২৬/১৫৬৯

তারিখ: ২৪ মে, ২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বিতরণ।

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক যিনি কেন্দ্র কমিটির সাথে সংশ্লিষ্ট (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) পরীক্ষা সামগ্রী গ্রহণ করতে পারবেন। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। উপরোক্ত পরীক্ষা সামগ্রী গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন। এছাড়া কেন্দ্র নবায়ন ফি বাবদ কেন্দ্র প্রতি ২,০০০ (দুই হাজার) টাকা অনলাইনে সোনালী সেবার মাধ্যমে জমাদানের স্লিপ মালামাল বিতরণের সময় সাথে নিয়ে আসতে হবে এবং তা প্রদর্শন করে প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

বিতরণের সময়সূচিঃ

ক্রমণং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১.	পটুয়াখালী ও বরগুনা	১১/০৬/২০২৬ বৃহস্পতিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২.	পিরোজপুর, ভোলা ও ঝালকাঠি	১৪/০৬/২০২৬ রবিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩.	বরিশাল	১৫/০৬/২০২৬ সোমবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃদ্রঃ প্রবেশপত্রে কোনো ভুল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ০১/০৭/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অথবা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ৩০০/(তিনশত) টাকা হারে জরিমানা পে-অর্ডারের মাধ্যমে জমা দিয়ে সংশোধন করা যাবে।

উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট (বাঁধাইসহ), অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ২০০/(দুইশত) টাকা হারে জরিমানা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৪.০৬.২০২৬

প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম-৭০৪৯

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২৪৭৮৮৩৪৩৭০

ই: মেইল: barisalboard@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল এইচএসসি পরীক্ষাকেন্দ্র-২০২৬